



বাংলাদেশ শিপিং কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড
চট্টগ্রাম।

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৮৩.৯৯.০০২.২২

তারিখ: ২৭ অক্টোবর, ২০২২ খ্রি.

লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি) জাহাজ বহরে নিয়োগের লক্ষ্যে গত ৩১-০৮-২০২২ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০০২.২২ এর প্রেক্ষিতে স্থায়ী জুনিয়র ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার নিয়োগের লিখিত আগামী ০৭-১১-২০২২খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বাংলাদেশ শিপিং কর্পোরেশনের প্রধান কার্যালয়, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এ অনুষ্ঠিত হবে। পরীক্ষায় নিম্নে উল্লেখিত নির্দেশাবলি অবশ্য পালনীয়:

নির্দেশাবলি:

- ০২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় সকল প্রকার মূল সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং বিজ্ঞপ্তি অনুযায়ী চাহিত সকল প্রকার মূল কাগজপত্রসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ০৩। লিখিত পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে <http://job.bsc.gov.bd> হতে ডাউনলোডকৃত পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
- ০৪। পরীক্ষার্থীগণকে তাঁদের প্রবেশপত্রটি পরবর্তীতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে তা প্রদর্শন করতে হবে।
- ০৫। পরীক্ষার্থীগণকে পরীক্ষা শুরুর অন্তত ৩০মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।
- ০৬। লিখিত পরীক্ষার সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে কোন অবস্থাতেই পরীক্ষার্থী পরীক্ষার হল ত্যাগ করতে পারবেন না।
- ০৭। পরীক্ষা চলাকালে কোন পরীক্ষার্থী কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (যেমন: ঘড়ি, মোবাইল ফোন বা অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রাংশ) এবং বই, খাতা কিংবা বাড়তি কাগজ সঙ্গে রাখতে পারবেন না।
- ০৮। পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীকে হাজিরা শিটে তাঁর আবেদনপত্রের অনুরূপ স্বাক্ষর প্রদান করতে হবে।
- ০৯। লিখিত পরীক্ষার ফলাফল ০৭-১১-২০২২খ্রি. তারিখ বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি) নিজস্ব ওয়েবসাইটে (www.bsc.gov.bd) প্রকাশ করা হবে। পাশাপাশি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মোবাইলে এসএমএসের মাধ্যমে নিজ নিজ ফলাফল জানিয়ে দেওয়া হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা আগামী ০৮-১১-২০২২খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ শিপিং কর্পোরেশনের প্রধান কার্যালয়, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এ অনুষ্ঠিত হবে।
- ১০। পরীক্ষার সময় কোন প্রকার অসাদুপায় অবলম্বন করলে অথবা কক্ষ পরিদর্শকের সহিত কোন প্রকার অসদাচরণ করলে তাৎক্ষণিকভাবে উক্ত পরীক্ষার্থীর পরীক্ষা বাতিলপূর্বক বহিষ্কার করা হবে এবং তাঁর বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। পরীক্ষার খাতায় কালো কালির কলম ব্যবহার করা বাঞ্ছনীয়
- ১২। লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। অনিবার্য কারণবশতঃ যেকোনো পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তিত/বাতিল হলে প্রার্থীদের যথাসময়ে তা জানিয়ে দেয়া হবে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে বিএসসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭/১০/২০২২.
(ক্যাপ্টেন আমীর মো. আবু সুফিয়ান)

মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল),

ও

সদস্য সচিব

নিয়োগ ও বাছাই কমিটি